3 JAN 2017
5 9

সংবাদ

# বিনামূল্যের বই বিতরণে বাণিজ্য

**প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)**

বাগেরহাটের শরণখোলায় বিনামূল্যের বই বিতরণে অর্থ হাতানোর অভিযোগ উঠেছে এক প্রধান শিক্ষকের বিরুদ্ধে। জানা যায়, গত রোববার সারাদেশের ন্যায় শরণখোলা উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিনা মূল্যে পাঠ্য বই বিতরণ করা হয়। এর অংশ হিসাবে উপজেলার রায়েন্দা পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক তার বিদ্যালয়ের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত কয়েকশ শিক্ষার্থীদের কাছ থেকে ২শ' টাকা করে কয়েক হাজার টাকা হাতিয়ে নেয়। পাশাপাশি যারা টাকা দিতে অপরাগতা প্রকাশ করেন তাদেরকে বই না দিয়ে ফিরিয়ে দেন বিদ্যালয় কর্তৃপক্ষ। উপজেলা যুবলীগের সভাপতি আলহাজ মোঃ আবুল হোসেন পান্টু বলেন, তার ছেলে মাহফুজুর রহমান সাজুকে (অষ্টম শ্রেণী) টাকা ছাড়া বই না দেয়ায় তিনি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছে অনেক অনুনয়-বিনয় করলে পরে বই দেন। এ বিষয় উপজেলা সদর ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান মিলন বলেন, দীর্ঘদিন ধরে স্বাধীনতা বিরোধী একটি চক্র ঐতিহ্যবাহী রায়েন্দা পাইলট হাই স্কুলের সুনাম নষ্ট করতে ম্যানেজিং কমিটিতে প্রবেশ করে নানা অপতৎপরতা চালাচ্ছে। বই বিতরণে শিক্ষার্থীদের নিকট থেকে অর্থ হাতিয়ে সরকারের সুনাম নষ্টের অপচেষ্টায় লিপ্ত রয়েছেন। বিষয়টি খতিয়ে দেখে জড়িতদের বিরুদ্ধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পদক্ষেপ নেয়া উচিত। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মোঃ নুরুজ্জামান খান বলেন, বিনামূল্যে বই বিতরণে কেউ অর্থ গ্রহণ করে থাকলে তার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেয়া হবে। অপরদিকে, রায়েন্দা পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক মোঃ সুলতান আহম্মেদ গাজী বলেন, বই বিতরণে কোন টাকা গ্রহণ করা হয়নি। ভর্তি ফি ও সেশন চার্জ বাবদ পাওনা টাকা নেওয়া হলেও পরবর্তীতে তা বন্ধ করে দেয়া হয়েছে।